

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মাসিক সভা ২০-১০-৯৫ ইং বিকাল ৪-১৫ ঘটিকায় ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে অনুষ্ঠিত হয়। বোর্ডের প্রেসিডেন্ট কর্ণেল আবদুল মান্নান মিয়ান সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় সদস্যবৃন্দের উপস্থিতি ছিল নিম্নরূপঃ-

- | | | | | | |
|----|--|---|------------|---|---------|
| ১। | ব্রিগেডিয়ার মনজুর আহমেদ খোন্দা
এস ই এম ও
অধিনায়ক
সম্মিলিত সামরিক হাসপাতাল
ঢাকা সেনানিবাস। | - | সদস্য | - | উপস্থিত |
| ২। | ক্যাপ্টেন শহিদুল্লাহ খান (জি) (সিডি) পি এস সি,
অধিনায়ক
বি এন এস হাজী মহলিন
ঢাকা সেনানিবাস। | - | সদস্য | - | উপস্থিত |
| ৩। | গ্রুপ ক্যাপ্টেন এম আলাউদ্দিন চৌধুরী, পি এস সি,
অধিনায়ক, প্রশাসনিক শাখা
বি এ এক বেঙ্গ
ঢাকা সেনানিবাস। | - | সদস্য | - | উপস্থিত |
| ৪। | লেঃ কর্ণেল মোঃ আমিনুর রহমান
পি এম ই এস (আর্মি)
ঢাকা সেনানিবাস। | - | সদস্য | - | উপস্থিত |
| ৫। | জনাব মোঃ আজিজ খান
১৪/এ, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা
ঢাকা সেনানিবাস। | - | সদস্য | - | উপস্থিত |
| ৬। | ফ্ল্যাংলেঃ এ বি এম এ রশিদুল্লাহ
৩২, ডি ও এইচ এন বনানী
ঢাকা সেনানিবাস। | - | সদস্য | - | উপস্থিত |
| ৭। | জনাব মোঃ মুহাম্মদ হোসাইন
প্রথম শ্রেণীর ব্যালিফোর্স
জেলা প্রশাসকের দপ্তর, ঢাকা। | - | সদস্য | - | উপস্থিত |
| ৮। | জনাব মোঃ মাহমুদ হুসেইন
ক্যান্টনমেন্ট প্রকৌশলিক উচিত অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট। | - | সেক্রেটারী | - | উপস্থিত |

উপস্থিত সম্মিলিত সদস্যবর্গকে সুাগত জানাইয়া সভাপতি মহোদয় সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর বিস্তারিত আলোচনায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

প্রস্তাব নং-১ঃ বিগত ১৬-৯-৯৫ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পর্যালোচনা ও অনুমোদন।

গৃহীত সিদ্ধান্তঃ- বিগত ১৬-৯-৯৫ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী পর্যালোচনায় অনুমোদন করা হয়। এবং নিম্নোক্ত কার্যক্রমের সিদ্ধান্ত গৃহীত হইলঃ-

(ক) কার্যবিবরণীর ১১ নং সিদ্ধান্তের প্রেক্ষিতে ঢাকা ক্যান্টনমেন্ট আবাসিক এলাকায় ৩০ (ত্রিশ) বছর মেয়াদী ইজারাকৃত ভাড়া (আট) টি প্লটের ইজারার মেয়াদ উত্তীর্ণ হইয়াছে। উক্ত প্লটগুলির ইজারাবন্দীদের বিষয়ে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের সহিত যোগাযোগ করিয়া সংশ্লিষ্ট বিষয়ের অগ্রগতি পরবর্তী পর্যায় সভায় অবহিত করিতে হইবে।

- (খ) কার্যবিবরণীর ১০ নং সিদ্ধান্তে উল্লেখিত প্রতিবেদনে ও সোভিয়াম বালুর হিসাব সম্পর্কীয় রেকর্ডপত্র প্রেসিডেন্ট, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড মহোদয়ের সদয় অবলোকনের নিমিত্তে সি ই ও কর্তৃক যথাসময়ে উপস্থাপন করিতে হইবে।
- (গ) কার্যবিবরণীর ২০ নং সিদ্ধান্তের আ লোকে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক সমাপ্তকৃত ৯ (নয়) টি প্রকল্পের কাজ সঠিকভাবে বুঝিয়া নিয়া পরবর্তী সত্যম অবহিত করিতে হইবে।
- (ঘ) কার্যবিবরণীর ২২ নং সিদ্ধান্তের আলোকে ঢাকা সেনানিবাসস্থিত শহীদ আ নোয়ার গার্লস কলেজ সংলগ্ন ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের গ্যারেজ ও গ্যারেজ এলাকায় অবস্থিত ফাফ কোয়ার্টার শহীদ আনোয়ার গার্লস কলেজকে বিনামূল্যে প্রদানের বিষয় সম্পর্কে সাময়িক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের সহিত যোগাযোগ করিয়া অগ্রগতি পরবর্তী সত্যম অবহিত করিতে হইবে।
- (ঙ) কার্যবিবরণীর সিদ্ধান্ত নং-২৪ (ক) এর আলোকে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত বিদ্যালয়সমূহের বার্ষিক ম্যাগাজিন প্রকাশনার জন্য প্রতি ছাত্র/ছাত্রীর বিকট হইবে বার্ষিক ৪০/- (চল্লিশ) টাকা হারে চাঁদা সংগ্রহ করার বিষয়টি বিদ্যালয়সমূহের পরবর্তী ম্যানেজিং কমিটিসহ সত্যম অনুমোদনের জন্য পেশ করিতে হইবে।

প্রস্তাব নং-২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সেপ্টেম্বর ১৫ মাসের আয়-ব্যয় সম্পর্কীয় হিসাব বিবরণী অবহিত হওয়া।

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সেপ্টেম্বর ১৫ মাসের আয়-ব্যয় সম্পর্কীয় হিসাব অবহিত হওয়া গেল। বিভিন্ন কর ও খাজনা আদায়ের ব্যাপারে রাজস্ব শাখাকে অধিক তৎপর হওয়ার পরামর্শ দেওয়া হইল।

প্রস্তাব নং-৩ঃ সেপ্টেম্বর ১৫ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া।

গৃহীত সিদ্ধান্তঃ সেপ্টেম্বর ১৫ মাসের স্বাস্থ্য প্রতিবেদন পর্যালোচনায় এস এইচ ও, ঢাকা সেনানিবাসকে ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে জবাইকৃত গরু-ছাগল কমপক্ষে মাসে একবার আকর্ষণ কতাবে পরিদর্শন করার জন্য অনুরোধ করা হয়।

প্রস্তাব নং-৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৯৯৪-৯৫ সনের মিরীকা প্রতিবেদনের উপর ত্রুটপত্র জবাব অবহিত ও অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৯৯৪-৯৫ সনের মিরীকা প্রতিবেদনের উপর ত্রুটপত্র জবাব অবহিত হওয়ার পর অনুমোদন করা গেল। ইহাছাড়া ত্রুটপত্র জবাব পর্যালোচনার পর মিয়োক কার্বনের সিদ্ধান্ত গৃহীত হইল :-

(ক) ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের দোকানদারদের বিকট প্রাপ্য বিদ্যুৎ বিল এক মাসের বেশী বকেয়া হইলে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হইবে এবং এই সিদ্ধান্তটি প্রত্যেক দোকানদারকে লিখিতভাবে অবহিত করিতে হইবে। অনুরূপভাবে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক সরবরাহকৃত পানির বিল কোন গ্রাহক এক মাসের বেশী বকেয়া রাখিলে পানি সরবরাহের সংযোগ বিচ্ছিন্ন করা হইবে এবং এই সিদ্ধান্ত সকল গ্রাহককে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

(খ) ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন সুপার মার্কেট ও শহীদ সাত্তার বাজারের কোন দোকানের ত্রুটপত্র মাসের বেশী বকেয়া হইলে দোকান বন্ধ করিয়া দেওয়া হইবে। ইহাছাড়া দোকান ত্রুটপত্র বকেয়ার হিসাব ঐমাসিক তিথিতে বোর্ড সত্যম উপস্থাপন করিতে হইবে।

প্রস্তাব নং-৫ঃ মুসলিম মডার্ণ একাডেমীর সহকারী শিক্ষিকা মিস অর্চনা পারিয়ালের পেনশন সংক্রান্ত আবেদন সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ মুসলিম মডার্ণ একাডেমীর সহকারী শিক্ষিকা মিস অর্চনা পারিয়াল বিধি মোতাবেক পেনশন প্রাপ্য হইলে পেনশনের আবেদনপত্রটি সুপারিশসহকারে সাময়িক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রসূাব নং-৬ঃ

ডি ও এইচ এস এলাকাস্থ ইফার্স রোড ও পার্ক রোডের আংশিক ত্রিক সলিং করণ কাজের আহবানকৃত দরপত্রগুলোর সর্বনিম্ন দর অনুমোদন করণ ।

গৃহীত সিদ্ধান্তঃ-

ডি ও এইচ এস মহাখালীস্থ ইফার্স রোড ও পার্ক রোডের আংশিক ত্রিক সলিং করণের কাজটি অতি জরুরী বিষয়ে এবং হাতে যথেষ্ট সময় না থাকার দরুন ১৫-১০-৯৫ ইং তারিখে পি সি বি মহোদয়ের অফিস কক্ষে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের টেন্ডার অনুমোদন কমিটির সকল সদস্য ও বোর্ডের সম্মানিত সদস্য ক্যাণ্টন শহিদুজ্জামান খান (জি) (সিবি) পিএসসি এর উপস্থিতিতে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয় । তাৎক্ষণিক প্রস্তাব অনুধাবন করিয়া মতামতমতে সঙ্গন করার নিমিত্তে সর্বসম্মতিক্রমে স্থানীয়ভাবে শর্ত টেন্ডার করার সিদ্ধান্ত গৃহীত হয় । সেমতে দরপত্র আহবান করা হইলে মেসার্স জুই একটা প্রগাইজ সর্বনিম্ন দর প্রদান করেন অর্থাৎ ১৯৯৫ সনের এম ই এস সিডিউল অব রেইটস এর উপর ৫% উর্ধ্ব দর দাখিল করেন । সভায় বিশদ আলোচনান্নে প্রকল্পটি সম্পাদনের জন্য উক্ত ৫% উর্ধ্ব দর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল ।

প্রসূাব নং-৭ঃ

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত বিভিন্ন প্রকল্প/কাজের সর্বনিম্ন দর অনুমোদন করণ :-

ক্রমিক নং	কাজের বিবরণ	মূল্যমান	সর্বনিম্ন দর প্রদানকারী	সর্বনিম্ন উদ্বৃত্ত
১	এম ই এস সিডিউল অব রেইটস	১৯৯৫	অনুমায়ী	৫%

- (১) ক্যান্টনমেন্ট বাজার এলাকার = ১০, ১৪, ৫৮৯/- একটা দরপত্র পাওয়া গিয়াছে উহাও অসম্পূর্ণ ।
রোড নং-১০ সেন্ট্রাল রোডের
১০ নং রোড হইতে ৮ নং পর্যন্ত
রাস্তা ২৬/বি হইতে ২৭ নং
বাড়ীর সম্মুখের রাস্তা প্লট নং-
৭২ হইতে ৬৮/সি পর্যন্ত রাস্তা,
সপ প্লট নং-১৮ হইতে ২৬ নং
প্লটের সম্মুখের রাস্তা ও বাড়ী
নং-৪৯/এ হইতে ৬৪ নং বাড়ীর
সম্মুখের রাস্তা এবং অন্যান্য রাস্তায়
পটহোলসহ মেরামত/কার্পেটিং
করণ ।
- (২) মহাখালী সামরিক অফিসার = ২৮, ৪৫, ৭৭৬/১০ মেসার্স আলী কনষ্ট্রাকশন ১'০৫% উর্ধ্ব
আংশিক এলাকার রোড নং-
১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ১১, ১০,
১১, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮/এ, ১৯/বি,
২০/বি, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬
এলাকায় রাস্তা মেরামত
কাজটি করণ ।
- (৩) লেন্স রুম উচ্চ বিদ্যালয়ের = ১, ১০, ৪৮২/- মেসার্স দি ইন্ডিয়ান ৫৫% উর্ধ্ব
দেওয়ানী ভবনের নীচতলা
সংস্কার/মেরামত করণ ।
- (৪) ক্যান্টনমেন্ট বাজার এলাকার = ১, ২৮, ০১০/- মেসার্স জুই একটা প্রগাইজ ০৯.৮০% উর্ধ্ব
৬০ নং বাড়ীর উপরের তলায়
সংস্কার/মেরামত করণ ।
- (৫) ঢাকা সেবানিবাস শহীদ সরণীর = ১৮, ১৮৯/০২ মেসার্স ক্রেডেন্স কর্ণার ১০% উর্ধ্ব
সিগন্যাল গেইট হইতে জাহাঙ্গীর
গেইট এর সম্মুখ হইতে বচুক্ষেত
এম পি চেকপোস্ট পর্যন্ত রাস্তা
মেরামত করণ ।
- (৬) মহাখালী সামরিক অফিসার = ১, ৮৭, ৪৬৬/১০ মেসার্স বাহার ট্রেডিং ১'৫০% উর্ধ্ব
আবাসিক এলাকায় ২'-০" টিউব
লাইট সেডের পরিবর্তে ৪'-০"
সিঙ্গেল টিউব লাইট সেট স্থাপন
করণ ।
- (৭) মসলিম ঘড়ার একাডেমীর = ১৬, ৬৮৭/০৭ মেসার্স খান ট্রেডার্স ৩% উর্ধ্ব
বিজ্ঞানাগারে গ্যাস সংযোগ
স্থাপনের কাজ ।

ক্রমিক নং	কাজের বিবরণ	মূল্যমান	সর্বনিম্ন দর প্রদানকারী	সর্বনিম্ন উদ্ভূত দর
		এম ই এস সিভিউল অব রেইটস ১৯৯০ অনুযায়ী	কার্যের নাম	
৮	মহাখালী ডিওএইচ এস এলাকাস্থিত = ৩০,৪৭৭/১০ বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলে গ্যাস লাইন স্থাপন করণ।		মেসার্স খান ট্রেডার্স	২*৯৫% উর্ধ্বে ৩১,৩৪৫*২৮ টাকা
৯	ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ২৫ নং স্ট্রাক কোয়ার্টারে পানির লাইন, রিজার্ভার ও পাম্প মেশিন স্থাপন করণ।	= ২১,১৭৯/৫০ (সিভিউল ৯৫ অনুযায়ী) ৪,৫৭৫*০০ < বাজার দর অনুযায়ী > = ২৫,৭৫৪*৫০ টাকা	মেসার্স জুই এন্টারপ্রাইজ	২% উর্ধ্বে ২১,৬০০*০৯ টাকা ৪,৭৭৫*০০ ,, মোট = ২৬,৩৭৮*০৯ টাকা
১০	ক্যান্টনমেন্ট বোর্ড অফিস ও ক্যান্টন = ২০,৭৫৯/২১ টাকা হাউজের পানির লাইন স্থাপন করণ।		মেসার্স জুই এন্টারপ্রাইজ	২% উর্ধ্বে ২১,১৭৪*০৯ টাকা
১১	ঢাকা ক্যান্টনমেন্ট কবরস্থানে বেদ্যতিক বাতির লাইন মেরামত ও নতুন ৪'-০" সিউব লাইট স্থাপন করণ।	= ১৪,০৯৩/৭৭ ,,	মেসার্স হক এন্টারপ্রাইজ	১২% উর্ধ্বে ১৫,৭৭৫*০২ টাকা
১২	ক্যান্টনমেন্ট বাজার এলাকার সপ = ১,২৮,২৬৮/- টাকা প্লটের মধ্যবর্তী খোলা জায়গায় ১জন ৪র্থ শ্রেণীর কর্মচারীর জন্য বাসস্থান নির্মাণ।		মেসার্স দিনদার এন্টারপ্রাইজ	০৯% উর্ধ্বে

- গৃহীত সিদ্ধান্তঃ-
- ১) বিষয়টি বিশদ আলোচনামতে কেবলমাত্র একটি দরপত্র পাওয়ার কারণে দরপত্রটি গ্রহণ না করিয়া পুনঃ টেন্ডার আহবানের সিদ্ধান্তে সর্বসম্মতক্রমে গৃহীত হইল।
 - ২) মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স কর্তৃক প্রদত্ত ৩১*০৫% উর্ধ্ব দরের পরিবর্তে ৬% উর্ধ্ব দর অনুমোদনের সিদ্ধান্তে সর্বসম্মতক্রমে গৃহীত হইল।
 - ৩) মেসার্স দি ইউনিক ইঞ্জিনিয়ারিং ওয়ার্ক কর্তৃক প্রদত্ত ০৫% উর্ধ্ব দরের পরিবর্তে ০৪% উর্ধ্ব দর সর্বসম্মতক্রমে অনুমোদন করা হইল।
 - ৪) মেসার্স জুই এন্টারপ্রাইজ কর্তৃক প্রদত্ত ০৯*৮০% উর্ধ্ব দরের পরিবর্তে ০৫% উর্ধ্বদর সর্বসম্মতক্রমে অনুমোদন করা হইল।
 - ৫) মেসার্স ফ্রেন্ডস কর্ণার কর্তৃক ১০% উর্ধ্বদরের পরিবর্তে ০৫% উর্ধ্বদর সর্বসম্মতক্রমে অনুমোদন করা হইল।
 - ৬) মেসার্স বাহার ট্রেডিং ইন্টারন্যাশনাল কর্তৃক প্রদত্ত ৯*৫০% উর্ধ্ব দরের পরিবর্তে ০৫% উর্ধ্বদর সর্বসম্মতক্রমে অনুমোদন করা হইল।
 - ৭) মেসার্স খান ট্রেডার্স কর্তৃক প্রদত্ত ০% উর্ধ্ব দরের পরিবর্তে সিভিউল সমহারে দর সর্বসম্মতক্রমে অনুমোদন করা হইল।
 - ৮) মেসার্স খান ট্রেডার্স কর্তৃক প্রদত্ত ২*৯৫% উর্ধ্ব দরের পরিবর্তে সিভিউল সমহারে দর সর্বসম্মতক্রমে অনুমোদন করা হইল।
 - ৯) মেসার্স জুই এন্টারপ্রাইজ কর্তৃক প্রদত্ত ২% উর্ধ্বদরের পরিবর্তে সিভিউল সমহারে দর এবং প্রাক্কলিত বাজারদর সর্বসম্মতক্রমে অনুমোদন করা হইল।
 - ১০) মেসার্স জুই এন্টারপ্রাইজ কর্তৃক প্রদত্ত ২% উর্ধ্ব দরের পরিবর্তে সিভিউল সমহারে দর সর্বসম্মতক্রমে অনুমোদন করা হইল।

(১১) মেসার্স হক এন্টারপ্রাইজ কর্তৃক প্রদত্ত ১২% উর্ধ্ব দরের (১৯৯০ সনের সিডিউল অনুযায়ী) পরিবর্তে ০৫% উর্ধ্ব দর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

(১২) মেসার্স দিলদার এন্টারপ্রাইজ কর্তৃক প্রদত্ত ০৯% উর্ধ্ব দরের পরিবর্তে ০৫% উর্ধ্ব দর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

ইহাছাড়া আরো সিদ্ধান্ত গৃহীত হইল যে, কোন ঠিকাদার অনুমোদিত দরে কাজ করিতে সম্মত না হইলে জরুরী ভিত্তিতে উক্ত কাজের পুনঃটেন্ডার আহবান করিতে হইবে।

প্রসূাব নং-৮ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন প্রকল্প/কাজের মূল্যানুমান অনুমোদন করণ :-

ক্রমিক নং	প্রকল্পের বিবরণ	মূল্যানুমান
১	ক্যান্টনমেন্ট সুপার মার্কেটস্থ জনতা ব্যাংকের সেপটিক ট্যাংক নকশিটি ভাংগিয়া পুনঃ নির্মাণ করণ।	৪৯,৬৭৯*৮৮ টাকা
২	বনানী ডি ও এইচ এস এলাকার প্রাথমিক বিদ্যালয়ের সংস্কার/মেরামত ও ১টি রুম সঙ্গীত সঙ্গীত সঙ্গীত করণ।	৮৬,৮৫৭*৪০ টাকা
৩	মহাখালী ডি ও এইচ এস এলাকায় বাংলাদেশ ইন্টারন্যাশনাল ২২,৪৬৪*৮০ টাকা স্কুলের বরাদ্দার রেলিং স্থাপন করণ।	
৪	মহাখালী সামগ্রিক অফিসার আবাসিক এলাকায় জামে মসজিদের ১৯,৭৮৯*৯০ ,, পেশ ইমামের বাসায় গ্যাস লাইন স্থাপন করণ।	
৫	সেনা পল্লী হাই স্কুলের বিজ্ঞানাগারে গ্যাস সরবরাহের নিমিত্তে ৩৮,৯৭৭*২০ ,, গ্যাস লাইন স্থাপন করণ।	
৬	ঢাকা সেনানি বাস বাজার এলাকায় কেন্দ্রীয় মসজিদের সামনের ৫' টারবাইন পাম্পসেট মেরামত ও স্থাপন করণ।	২৫,৭৫০*০০ ,,
৭	ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের কচুফেত-বনানী সংযোগ সড়ক নির্মাণের কারণে বৈদ্যুতিক লাইনসমূহ স্থানান্তর ও পুনঃস্থাপন করণ।	৬১,০০২*৮২ টাকা

গৃহীত সিদ্ধান্তঃ- সত্যায় বিশদ আলোচনায় ১ হইতে ৭ নং ক্রমিক পর্যন্ত প্রকল্পগুলির মধ্যে ২ নং ক্রমিকে উল্লেখিত প্রকল্প ব্যতীত বাকী ৬ (ছয়) টি প্রকল্প বাস্তবায়নের জন্য প্রস্তুতকৃত মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। ইহাছাড়া আরও সিদ্ধান্ত গৃহীত হইল যে, ০২ নং ক্রমিকে উল্লেখিত প্রকল্পটি বাস্তবায়নের প্রয়োজনীয়তা সম্পর্কে ডি ও এইচ এস কমিটির মতামত গ্রহণ করিয়া পরবর্তী পর্যদ সত্যায় উপস্থাপন করিতে হইবে।

প্রসূাব নং-৯ঃ বনানী ডি ও এইচ এস এলাকার রাস্তাসমূহের সীলকোট করণ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ- বনানী ডি ও এইচ এস এলাকার রাস্তাসমূহের সীলকোট করার প্রকল্পটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সকল প্রকার আনুষ্টানিকতা সম্পন্ন করা হইয়াছে। পরিচালক, সামগ্রিক ভূমি ও সেনানি বাস অধিদপ্তরের লিখিত মনু্য অনুযায়ী একটি রাস্তার সীলকোট কাজ ইতোমধ্যেই সম্পন্ন করা হইয়াছে এবং উক্ত রাস্তাটির কাজ পরিদর্শনপূর্বক গুণগতমান বজায় রাখিয়া অনুমোদন মোতাবেক বনানী ডি ও এইচ এস এর অন্যান্য রাস্তারও সীলকোট করণের কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হইল। কাজের গুণগতমান বজায় রাখার দায়িত্ব সংশ্লিষ্ট প্রকৌশলীকে প্রদান করা হইল।

প্রসূাব নং-১০ঃ শহীদ সরণীর কার্পেটিং করণের কাজের জন্য ঢাকা সিটি কর্পোরেশনের সংগে চুক্তিপত্র সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ- সভায় সি হ ও এই ঘর্মে অবহিত করেন যে, শহীদ সরণীর শহীদ জাহাংগীর গেইট হইতে সিগন্যাল গেইট পর্যন্ত রাস্তার টেককোটসহ ৩৮ মিঃ মিঃ পুরন প্রিমিয়াল কার্পেটিং (সাম্প্রতিকভাবে) ঢাকা সিটি কর্পোরেশনের মাধ্যমে ডিপোজিট ও মার্কেট হিসাবে করানোর জন্য ১,৬০,৮৮,০২০/- টাকার মূল্যানুমান সাময়িক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর কর্তৃক অনুমোদন করা হইয়াছে। উক্ত কাজের জন্য অদ্যাবধি সাময়িক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর হইতে সর্বমোট ৬২,০০,০০০/- টাকা বিশেষ অনুদান হিসাবে পাওয়া গিয়াছে। সাময়িক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের সহিত যোগাযোগ করিয়া জানা গিয়াছে যে, প্রকল্পটি বাস্তবায়নের জন্য অবশিষ্ট টাকা বর্তমান অর্থ বৎসরে পাওয়ার সম্ভাবনা খুবই কম। বিষয়টি সভায় বিশদভাবে আলোচনায় সর্বসম্মতিক্রমে এই ঘর্মে সিদ্ধান্ত গৃহীত হয় যে, প্রাপ্ত ৬২,০০,০০০/- টাকা দ্বারা অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী শহীদ জাহাংগীর গেইট হইতে যতদূর সম্ভব শহীদ সরণীর কার্পেটিং কাজ সম্পাদনের জন্য ঢাকা সিটি কর্পোরেশনের সহিত চুক্তি সম্পাদন করা হইবে এবং উক্ত কাজ ১৫-১১-৯৫ ইং তারিখের মধ্যে সমাপ্ত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে হইবে। ইহাছাড়া সেনাসদর পর্যন্ত রাস্তার কার্পেটিং কাজ সম্পাদন করার জন্য প্রয়োজনীয় অনুদান প্রদানের নিমিত্তে পরিচালক, সাময়িক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে পুনরায় অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-১১ঃ

শহীদ সাতার মার্কেট এবং ব্রডওয়ে বিল্ডিং এর সম্মুখস্থ জায়গা হার্ডফ্যান্ডিং করণের বিষয়ে সিদ্ধান্ত গৃহণ।

গৃহীত সিদ্ধান্তঃ

শহীদ সাতার মার্কেটের সম্মুখস্থ জায়গা হার্ডফ্যান্ডিং করণের প্রস্তাবটি সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হইল এবং উক্ত কাজের জন্য প্রস্তুতকৃত ২,৯২,০০০/- টাকার মূল্যানুমান অনুমোদন করা হইল। ইহাছাড়া ব্রডওয়ে বিল্ডিং এর সম্মুখস্থ এলাকা হার্ডফ্যান্ডিং করণের প্রস্তাবটি গ্রহণ করা হইল না।

প্রস্তাব নং-১২ঃ

ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের মুরগীর দোকানসমূহ একজায়গায় স্থাপনের বিষয়ে দোকানদারদের আবেদনপত্র বিবেচনা ও সিদ্ধান্ত গৃহণ।

গৃহীত সিদ্ধান্তঃ

ঢাকা ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের মুরগীর হকারদের পেশকৃত আবেদনপত্রটি সভায় পর্যালোচনাকালে দেখা যায় যে, কচুক্ষেত-বনানীসংযোগ সড়ক নির্মাণের কারণে ১১০টি দোকান তাংগা হয় এবং উক্ত দোকানগুলিকে ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের চারটি স্থানে সাময়িকভাবে পুনর্বাসন করা হয়। উক্ত ব্যবস্থায় ছিল তাহাদিগকে সরাসরি নব-নির্মিত হকারদের জন্য নির্ধারিত স্থানে নেওয়া হয়। কিন্তু ইতোপূর্বে কাঁচা বাজারের পশ্চিম পার্শ্ব টিনসেতে অবস্থিত চারটি মুরগীর দোকান উক্ত স্থানেই রাখিয়া গিয়াছে। কলে বর্তমানে হকারদের জন্য নির্ধারিত স্থানে ও কাঁচা বাজারের পশ্চিম পার্শ্ব টিনসেতে মুরগী বিক্রয় হইয়া থাকে এবং ইহাতে মুরগীর হকারগণ নিশ্চিতভাবে ক্ষতিগ্রস্ত হইতেছেন যাহা মানিবক কারণে বিবেচনার যোগ্য। এমতাবস্থায় সর্বসম্মতিক্রমে এই সিদ্ধান্ত গৃহীত হইল যে, কাঁচা বাজারের পশ্চিমে টিনসেতে অবস্থিত চারটি দোকানে মুরগী বিক্রয় না করিয়া বর্তমানে হকারদের জন্য নির্ধারিত স্থানে মুরগী বিক্রয় করিতে হইবে এবং টিনসেতের সংশ্লিষ্ট চারটি দোকানে পারিপার্শ্বিক ট্রেডের সংগে মিল রাখিয়া উক্ত চারজন দোকানদারের সুবিধামত যে কোন ট্রেডে ব্যবস্থা করিতে পারিবেন।

প্রস্তাব নং-১৩ঃ

ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের পার্কের উত্তর ও পশ্চিম পার্শ্বের রাস্তা সম্প্রসারণ ও মসজিদ সংলগ্ন দোকানের পাশ দিয়া রাস্তা প্রদান সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গৃহণ।

গৃহীত সিদ্ধান্তঃ

ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের পার্কের উত্তর ও পশ্চিম পার্শ্বের রাস্তা সম্প্রসারণ ও মসজিদ সংলগ্ন দোকানের পাশ দিয়া রাস্তা প্রদান সম্পর্কীয় আবেদনপত্র দুইটি পর্যালোচনায় নিম্নোক্তভাবে দুই সদস্য বিশিষ্ট একটি সার্ব-কমিটি গঠন করা হইল।

- (১) ফ্লাঃলেঃ এ বি এম এ রশিদ (অবঃ)
- (২) এস এইচ ও
ঢাকা সেনানিবাস।

উক্ত কমিটি সংশ্লিষ্ট স্থান সরঞ্জামে পরিদর্শন করিয়া সমস্যার সম্ভাব্য সমাধান সম্পর্কীয় একটি প্রতিবেদন পরবর্তী পর্যদ সভায় উপস্থাপন করিবেন ঘর্মে সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রসূাব নং-১৪ঃ

মিসেস আমেনা মোসুফার ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে একটি দোকান/দোকানের জায়গা বরাদ্দের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ-

মিসেস আমেনা মোসুফাকে ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে একটি দোকান/দোকানের জায়গা বরাদ্দের ব্যাপারে অবদান ও আলোচনাকালে জানা যায় যে, মিসেস আমেনা মোসুফার স্বামী মরহুম মোসুফা উইয়া ক্যান্টনমেন্ট বোর্ডের একজন সিনিয়র সাব-এ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার ছিলেন। বর্তমানে মিসেস আমেনা মোসুফা আর্থিক অনটনে আছেন। তাহাকে ঢাকা ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে একটি লাভজনক দোকান নির্মাণ করিয়া দেওয়ার ব্যাপারে প্রতিরক্ষা মন্ত্রণালয়েরও লিখিত সুপারিশ রহিয়াছে। উক্ত প্রেক্ষিতে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইল যে, ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের উত্তর পার্শ্বে নির্ধিতব্য শপিং কমপ্লেক্সের সুবিধাজনক স্থানে কেবলমাত্র নির্মাণ খরচ আদায় করিয়া সাময়িক ভূমি ও সেনামিকাস অধিদপ্তরের অনুমোদন গ্রহণ সাপেক্ষে মিসেস আমেনা মোসুফাকে একটি দোকান বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রসূাব নং-১৫ঃ

মিরপুর সেনানিবাসস্থিত ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়ের নূতন ভবন নির্মাণ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ-

মিরপুর সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়ের জন্য একটি নূতন ভবন নির্মাণের প্রসূাব সর্বসম্মতিক্রমে গৃহীত হইল। ইহাছাড়া প্রসূাবিত ভবনের মূল্যানুমান ও নকশা তৈরী করিয়া পরবর্তী বোর্ড সভায় পেশ করার ও স্কুলের জন্য জমির শ্রেণী পরিবর্তনের দায়িত্ব সি ই ও'কে প্রদান করা হইল।

প্রসূাব নং-১৬ঃ

জোয়ারসাহারা ডি ও এইচ এস এর কতিগ্রসু রাস্তাসমূহের মেরামত সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ-

জোয়ারসাহারা ডি ও এইচ এস এর কতিগ্রসু রাস্তাসমূহের মেরামতের নিমিত্তে প্রয়োজনীয় মূল্যানুমান প্রসূত করিয়া পরবর্তী সভায় পেশ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হইল।

প্রসূাব নং-১৭ঃ

বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলে শিক্ষার একটি শূন্য পদের বিপরীতে মিসেস শারমীন হাসান'কে ০১-৬-৯৫ ইং তারিখ হইতে চলতি শিক্ষা বর্ষের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মাসিক ৩,০০০/- (তিন হাজার) টাকা নির্দিষ্ট বেতনে নিয়োগ দানের বিষয়টি অবহিত হওয়া ও অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ-

ডি ও এইচ এস মহাখালীস্থ বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলে শিক্ষার একটি শূন্য পদের বিপরীতে অধ্যক্ষের সুপারিশ মোতাবেক মিসেস শারমীন হাসান'কে মাসিক ৩,০০০/- (তিন হাজার) টাকা নির্ধারিত বেতনে ০১-৬-৯৫ ইং তারিখ হইতে ০১-১২-৯৫ ইং তারিখ পর্যন্ত সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগের অনুমোদন সর্বসম্মতিক্রমে প্রদান করা হইল।

প্রসূাব নং-১৮ঃ

ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের ওটি'র জন্য বিভিন্ন ও টি দ্রব্য সরবরাহের জন্য টেন্ডার আহবান করা হইলে মোট ৮(আট)টি দরপত্র পাওয়া যায়। দরপত্রগুলির মধ্যে কমলা কার্ফেসী, সেকশন-৬/৮, ১২৯-১৩০ মিরপুর, সর্বনিম্ন দর অর্থাৎ ৭,৭৯,০৯০/- টাকার সর্বনিম্ন দর দাখিল করেন। উক্ত দরপত্রটি অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ-

ঢাকা ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের জন্য ও টি'র বিভিন্ন মালামাল সরবরাহের নিমিত্তে প্রাপ্ত দরপত্রগুলির মধ্যে সর্বনিম্ন দরদাতা মেসার্স কমলা কার্ফেসী, সেকশন-৬/৮, ১২৯-১৩০ মিরপুর কর্তৃক প্রদত্ত দর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। উক্ত মালামালের দর যাচাইপূর্বক নমুনা মোতাবেক সঠিক মালামাল বুঝিয়া নেওয়ার জন্য নিম্নোক্তভাবে একটি সাব-কমিটি গঠন করা হইল :-

- (১) এস এইচ ও - আহবায়ক
- (২) জনাব মোঃ আজিজ খান - সদস্য
- (৩) ডাঃ ক্যাপ্টেন (অবঃ) বখতিয়ার হোসেন - সদস্য

উপরোক্ত কমিটি কোন মালামালের দর অতিরিক্ত মনে করিলে প্রয়োজনে সরবরাহকারীর সম্মতিক্রমে দর কমাইতে পারিবেন অথবা উক্ত মালামাল সরবরাহ আদেশ হইতে বাদ দিতে পারিবেন। উল্লেখ্য যে, সরবরাহকারীকে কার্যাদেশ দেওয়ার পূর্বেই দর যাচাইয়ের কাজটি সম্পন্ন করিয়া কার্যাদেশ প্রদানের জন্য সি ই ও'কে অবহিত করিতে হইবে। কমিটি কর্তৃক গৃহীত কার্যক্রমের প্রতিবেদন পরবর্তী পর্যদ সভায় উপস্থাপন করিতে হইবে।

প্রস্তুত নং-১৯ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত নিম্নবর্ণিত বিদ্যালয়সমূহের বিপরীতে প্রদর্শিত বার্ষিক পরীক্ষার প্রশ্নপত্র মুদ্রণ ও ফটোশারী প্রব্যাদি এরূপে সর্বনিম্নদর অনুমোদন করণ।

ক্রমিক নং	বিদ্যালয়ের নাম	সর্বনিম্ন দরদাতার নাম	সর্বনিম্ন দর	মন্তব্য
১।	শহীদ রশিদ উদ্দিন উচ্চ বিদ্যালয়।	হাবিব প্রিন্টিং প্রেস	২১,৩২০/-	প্রশ্নপত্র ও প্রোগ্রাম মুদ্রণ।
-১-		রুপালী পেপার ডিপো	৪৪,৪৬০/-	ডবল ডিমাই কাগজ এরূপ।
-১-		হাবিব প্রিন্টিং প্রেস	১২,০০০/-	মের্যাতিক উত্তরণ ও মুদ্রণ।
২।	মুসলিম মডার্ন একাডেমী	দীপা প্রিন্টিং প্রেস	১৯,৫০০/-	প্রশ্নপত্র মুদ্রণ
-১-		মেট্রোপলিটান প্রিন্টার্স এন্ড পাবলিকেশনস।	১১,৫৫০/-	মের্যাতিক উত্তরণ ও মুদ্রণ।
-১-		রুপালী পেপার ডিপো	৫২,৮৭৫/-	ডবল ডিমাই কাগজ এরূপ।
৩।	সেনাপল্লী হাই স্কুল	ফেডারেল পাবলিশার	২৬,০৭৫/-	প্রশ্নপত্র, মের্যাতিক উত্তরণ ও প্রোগ্রাম মুদ্রণ।
-১-		জামান ভাই বুক হাউস এন্ড ফটোশারী।	৩৪,৫০০/-	ডবল ডিমাই কাগজ এরূপ।

গৃহীত সিদ্ধান্তঃ- সর্বনিম্নদরসমূহ পর্যালোচনায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। ইহাছাড়া বিদ্যালয়সমূহের একাডেমিক ক্ষেত্রে অধিক শৃংখলা আণয়ন ও মানোন্নয়নের বিষয় চিন্তা করিয়া এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইল যে, প্রত্যেক বিদ্যালয়ের ওক্ট হইতে ১০ম শ্রেণী পর্যন্ত প্রত্যেক বিষয়ে কমপক্ষে দুই সেট করিয়া প্রশ্নপত্র তৈরী করিয়া ছাপানোর পূর্বে সি ই ও এর নিকট জমা করিতে হইবে। সি ই ও প্রত্যেক বিষয়ে যেকোন বিদ্যালয়ের জমাকৃত প্রশ্নপত্র হইতে এক সেট প্রশ্নপত্র নির্বাচন করিয়া উক্ত প্রশ্নপত্র সকল বিদ্যালয়ের জন্য ছাপানোর ব্যবস্থা করিবেন এবং উক্ত প্রশ্নপত্র মোতাবেক সকল পরীক্ষা গ্রহণ করা হইবে। এই সিদ্ধান্ত ১৯৯৬ শিক্ষাবর্ষ হইতে কার্যকরী করা হইবে এবং ইহা সকল প্রধান শিক্ষকদিগকে যথাসময়ে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

প্রস্তুত নং-২০ঃ কমোডর এ কে এম আজাদ (সি) এন ডি সি, পিএসসি, বিএন, সহকারী নো প্রধান (অগস) এর ০৭-১০-৯৫ ইং তারিখের পএ নং-পূর্ত/৮/খন্ড-৭/১০৩৪ অনুসারে পুরাতন " বাই-ল " মোতাবেক বিল্ডিং প্লান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ

গৃহীত সিদ্ধান্তঃ- কমোডর এ কে এম আজাদ (সি) এন ডি সি, পিএসসি, বিএন, সহকারী নো প্রধান (অগস) এর ০৭-১০-৯৫ ইং তারিখের পএ নং-পূর্ত/৮/খন্ড-৭/১০৩৪ অনুসারে পুরাতন " বাই-ল " মোতাবেক বিল্ডিং প্লান অনুমোদনের বিষয়টি বিশদ আলোচনায় গ্রহণ করা হইল না মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তুত নং-২১ঃ এম ই এস এর আওতাধীন রাস্তার নিরাপত্তা বাতি ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক রক্ষণাবেক্ষণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ- এম ই এস এর আওতাধীন রাস্তায় নিরাপত্তা বাতি ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক রক্ষণাবেক্ষণের বিষয়ে সভায় বিশদ আলোচনা করা হয় এবং সংশ্লিষ্ট এলাকায় এম ই এস কর্তৃক নিরাপত্তা বাতি রক্ষণাবেক্ষণের বিষয়ে পি সি বি মহোদয় কর্তৃক এম ই এস কর্তৃক পএ লেখার সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তুত নং-২২ঃ জোয়ারসাহারা ডি ও এইচ এস এলাকায় নির্মাণাধীন বাড়ীসমূহের সম্মুখের রাস্তায় বাতি স্থাপনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ- জোয়ারসাহারা ডি ও এইচ এস এলাকায় নির্মাণাধীন বাড়ীসমূহের সম্মুখের রাস্তায় বাতি স্থাপনের বিষয়টি সভায় আলোচনায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

প্রসূব নং-২০ : জোয়ারসাহারা ডি ও এইচ এস এলাকায় পানি ও গ্যাস সংযোজন সম্পর্কে আলোচনা করণ ।

গৃহীত সিদ্ধান্তঃ - জোয়ারসাহারা ডি ও এইচ এস এলাকায় ঢাকা ওয়াসা কর্তৃক পানি সরবরাহ ও তিতাস গ্যাস কর্তৃক গ্যাস সংযোজন সম্পর্কে আলোচনাকালে জানা যায় যে, অক্টোবর ১৯৯৫ এর মধ্যে পানি সরবরাহ পাওয়া যাইবে এবং মার্চ ৯৬ এর মধ্যে গ্যাস সরবরাহের কাজ সম্পন্ন করা হইবে । আলোচনায় আরও জানা যায় যে, জোয়ারসাহারা ডি ও এইচ এস এর উন্নয়ন সম্পর্কীয় বর্তমান অগ্রগতি বা আদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন ও অন্যান্য ব্যাংকসমূহ অবহিত না থাকার দরুন প্রট বরাদ্দলাভকারী কর্মকর্তাদিগকে বাড়ী নির্মাণের জন্য ঋণ প্রদানে অগ্রহী নহে । বিষয়টি বিশদ আলোচনায় উপরোক্ত সংস্থাসমূহকে জোয়ারসাহারা ডি ও এইচ এস এর সার্বিক উন্নয়ন সম্পর্কীয় অগ্রগতি উল্লেখপূর্বক গণ নিখার জন্য সর্বসম্মতিএকমে সিদ্ধান্ত গৃহীত হইল ।

প্রসূব নং-২৪ : ঢাকা সেনানি বাসের নিম্নস্বনাধীন ডি ও এইচ এস সমূহে এবং বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের জন্য দাখিলকৃত নিম্নবর্ণিত নকশাগুলি বিল্ডিং " বাই-ল " অনুযায়ী সঠিক থাকায় অনুমোদন করা হইয়াছে । উক্ত নকশাগুলি পর্যদ সভায় সদয় অবগতির জন্য উপস্থাপন করা হইল ।

ক্রমিক নং	প্রটের মালিকের নাম	প্রট নম্বর	এলাকার নাম	মন্তব্য
১।	ত্রিগেঃ মোঃ আবদুর রব	৪৯৮	জোয়ারসাহারা ডি ও এইচ এস	
২।	লেঃ কর্ণেল মোঃ তৈয়ব আলী	৪২০	-১-	
৩।	উইঃ কমান্ডার এম এ আজাদ খাঁন (অবঃ)	৪৯৫	-১-	
৪।	(১) লেঃ কর্ণেল মোঃ মোছাদ্দেক হোসেন (২) মেজর মোঃ আবদুল মতিন (৩) মেজর মোঃ আকরাম হোসেন মুর্শেদী (৪) মেজর রফিকুল ইসলাম, বিপি (অবঃ)	৪১৩	মহাখালী ডি ও এইচ এস	
৫।	গ্রুপ ক্যাপ্টেন হাবিবুর রহমান, পিএসসি,	৩১৩/এ	-১-	
৬।	লেঃ কর্ণেল মোঃ মহিউদ্দিন আহমেদ	৩৭৯	-১-	
৭।	ক্যাপ্টেন মোঃ মুর্শেদ আলম, বিএন,	৪৬৬	-১-	
৮।	মেজর জেনারেল আবদুল মান্নান, পিএসসি, (অবঃ)	২০১	-১-	(সংশোধিত)
৯।	কমান্ডার এম রহমান, বিএন (অবঃ)	২৭৩	-১-	(সংশোধিত)
১০।	কর্ণেল দেলওয়ার হোসেন	৪১৭	-১-	(সংশোধিত)
১১।	জনাব সালেহ আহমদ চৌধুরী	বি/ ১৮২	-১-	(সংশোধিত)
১২।	মিসেস ফরিদা ইসমত	১৫৩	-১-	(সংশোধিত)
১৩।	মিসেস তাছলিমা সিরাজ	১০২ (আংশিক) লালসরাই		
১৪।	মিসেস জাহানারা রহমান	১০৭ (আংশিক)	-১-	
১৫।	জনাব মোঃ মজিবুর রহমান	১৫১ (আংশিক)	-১-	
১৬।	ঢাকা ক্যান্টনমেন্ট থানা			
১৭।	মেজর জেনারেল মোহাম্মদ আজিজুর রহমান বি/ ১৫৫ মহাখালী ডি ও এইচ এস বি ইউ এন ডি সি, পিএসসি,			(সংশোধিত)
১৮।	ত্রিগেঃ এ এইচ এম আতাউর রহমান চৌধুরী (অবঃ)	৬৬/এ, বনানী ,,		(সংশোধিত)
১৯।	জনাব শেখ বাছিম উদ্দিন আহমেদ	৪ বনানী ডি ও এইচ এস		(সংশোধিত)
২০।	মেজর মোঃ মফিজুল হক সরকার (অবঃ)	৪৯০ জোয়ারসাহারা ডি ও এইচ এস		
২১।	মেজর মুহাম্মদ মহবুব হাসান (অবঃ)	৪৩৫	-১-	
২২।	মেজর সৈয়দ আজিজুর রহমান (অবঃ)	৩১০	-১-	
২৩।	লেঃ কর্ণেল এম নূরুল হুসেইন	৩৫৬	-১-	
২৪।	লেঃ কর্ণেল শামিম শাহজাহান চৌধুরী	৩৯০	-১-	(সংশোধিত)
২৫।	মেজর তফসির আহমেদ (অবঃ)	২৭৩	-১-	
২৬।	মিসেস তাহেরা হাসান	২৬৬ মহাখালী ডি ও এইচ এস		(সংশোধিত)
২৭।	লেঃ কর্ণেল এম এফ কায়সার রশিদ, পিএসসি,	৩৪২ জোয়ারসাহারা	-১-	(সংশোধিত)

ক্রমিক নং	গ্রুটের মালিকের নাম	গ্রুট নম্বর	এলাকার নাম	মন্তব্য
২৮।	লেঃ কর্ণেল বজলুর রহমান	২২৯	জোয়ারসাহারা ডিওএইচ এস	
২৯।	লেঃ কর্ণেল মোঃ বশির উল্লাহ (অবঃ)	২৬৭	-ঐ-	
৩০।	লেঃ কর্ণেল নিরমল তট্টাচার্য্য	২৭৯	-ঐ-	
৩১।	লেঃ কর্ণেল মোঃ তৈয়বুর রহমান	৩৬০	-ঐ-	
৩২।	লেঃ কর্ণেল আবদুল মালেক হাওলাদার	৪২২	-ঐ-	
৩৩।	মেজর মীর মোশারফ হোসেন	২৪০	-ঐ-	
৩৪।	মেজর মোঃ শহিদুল হক	৪৭৪	-ঐ-	
৩৫।	মিসেস কামসার চৌধুরী ও অন্যায়	৫৫	বনানী ডিওএইচ এস	(সংশোধিত)
৩৬।	মোঃ আবদুল বারী ও মিসেস যমতাজ বেগম	১৪০ (আংশিক)	লালাসরাই, ঢাকা ক্যাট	
৩৭।	মোঃ হাবিব মিয়া ও অন্যান্য	১৪০ (আংশিক)	-ঐ-	
৩৮।	ক্যান্টন আবদুল মোতালেব, বি এন,	৪৬৪	মহাখালী ডিওএইচ এস	(সংশোধিত)
৩৯।	কর্ণেল শামসুদ্দিন আহমেদ	২৬৬	জোয়ারসাহারা ডিওএইচ এস	
৪০।	লেঃ কর্ণেল এ এস এম মোজাম্মেল	৪৪৮	-ঐ-	
৪১।	লেঃ কর্ণেল এম এ লতিফ খাঁন	৩১৮	-ঐ-	
৪২।	মেজর মোঃ আনোয়ারুল ইসলাম	৫১০	-ঐ-	
৪৩।	লেঃ কর্ণেল কাজী মনিবুর রহমান	৩৭০	মহাখালী ডিওএইচ এস	(সংশোধিত)

গৃহীত সিদ্ধান্তঃ - উপরোক্ত ৪৩ টি বাড়ী নির্মাণের জন্য দাখিলকৃত নকশা বিলি ৫ "বাই-ল" অনুযায়ী সঠিক পাওয়ায় অনুমোদন করা হইয়াছে মর্মে অবহিত হওয়া গেল।

প্রস্তাব নং-২৫ঃ আদমজী ক্যান্টনমেন্ট কলেজের শিক্ষকদের নিকট বরাদ্দকৃত ক্যান্টনমেন্ট বোর্ডের বাসস্থানের ভাড়া গ্রহণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ - আদমজী ক্যান্টনমেন্ট কলেজের শিক্ষকদের নিকট বরাদ্দকৃত ক্যান্টনমেন্ট বোর্ডের বাসস্থানের ভাড়া গ্রহণ প্রসংগে আলোচনায় জানা যায় যে, আদমজী কলেজ কর্তৃপক্ষ সরকারী বিধান মোতাবেক সংশ্লিষ্ট শিক্ষকদের নিকট হইতে বাড়ী ভাড়া কর্তন করিয়া রাখিলেও ক্যান্টনমেন্ট বোর্ডকে মাসিক ৫০০/- টাকা হারে ক্যান্টনমেন্ট বোর্ডকে ভাড়া প্রদান করিয়া থাকেন যাহা বিধিসম্মত নহে। এমতাবস্থায়, বিধি সম্মতভাবে ক্যান্টনমেন্ট বোর্ডের বাড়ী ভাড়া পরিশোধের নিমিত্তে বিস্মৃতিত তথ্য সম্মিলিত একটি পএ পি সি বি মহোদয়কে অবহিত করিয়া কলেজ পরিচালনা পরিষদের সেক্রেটারী সমীপে প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হইল।

প্রস্তাব নং-২৬ঃ বিবিধঃ

- (১) বাংলাদেশ নৌ জাহাজী মহসিন অফিসের সম্মুখস্থ ট্রাফিক সিগন্যাল হইতে কচুক্ষেত এম পি চেক পোস্ট পর্যন্ত রাস্তাঘেরামত ও সীলকোট করণের জন্য ১৯৯৫ সনের এম ই এস সিডিউল অব রেহটস মোতাবেক প্রস্তুতকৃত ২,২৮,০০০/- টাকার মূল্যানুমান অনুমোদন করণ।
- (২) ডি ও এইচ এস মহাখালীস্থ ইফার্ণ রোডের পূর্ব পার্শ্বে ডি ও এইচ এস এর পূর্ব সীমানা বরাবর একটি নিরাপত্তা দেওয়াল নির্মাণের জন্য ১৯৯৫ সনের এম ই এস সিডিউল অব রেহটস মোতাবেক প্রস্তুতকৃত ৯,২০,০০০/- টাকার মূল্যানুমান ও প্রয়োজনীয় নকশা অনুমোদন করণ।
- (৩) ডি ও এইচ এস মহাখালীস্থ ওয়াসাকে প্রদত্ত জমির দক্ষিণ সীমানায় একটি সীমানা প্রাচীর নির্মাণের জন্য ১৯৯৫ সনের এম ই এস সিডিউল অব রেহটস মোতাবেক প্রস্তুতকৃত ১,৫৫,০০০/- টাকার মূল্যানুমান ও প্রয়োজনীয় নকশা অনুমোদন করণ।
- (৪) জোয়ারসাহারা ডি ও এইচ এস এর পূর্ব দিকে কেসামরিক এলাকা সংলগ্ন সীমানায় নিরাপত্তা প্রাচীর নির্মাণের জন্য ১৯৯৫ সনের এম ই এস সিডিউল অব রেহটস মোতাবেক প্রস্তুতকৃত ১৯,১২,০০০/- টাকার মূল্যানুমান ও প্রয়োজনীয় নকশা অনুমোদন করণ।

(৫) কচুফেত-বনারী সংযোগ সড়কের কাজ উদ্বোধন সম্পর্কে সদস্যদিগকে অবহিত করণ ।

(৬) কুর্খিটোলান্দহ বিমান সেনাদের আবাসিক এলাকায় একটি শিশু পার্ক স্থাপন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্ত :- (১) বিগদ আলোচনায় মূল্যানুমানটি অনুমোদন করা হইল । আলোচনাকালে জানা যায় যে, আগামী ৮ই নভেম্বর ১৯৯৫ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাবনীয়া প্রধানমন্ত্রী ক্যান্টনমেন্ট সুপার মার্কেট এলাকায় কচুফেত-বনারী সংযোগ সড়কের ভিত্তি প্রস্তর স্থাপন করিবেন । সুতরাং এই রাস্তা মেরামত ও সীলকোট করণের কাজটি উক্ত তারিখের পূর্বে সম্পাদন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নির্দেশ রহিয়াছে । বোর্ডের সকল সদস্য নিত সদস্যবৃন্দ প্রস্তাবিত কাজটির গুরুত্ব অনুধাবন করিয়া স্থানীয়ভাবে সর্ট টেন্ডার করার পক্ষে অতিমত ব্যক্ত করায় সর্বসম্মতি এক্ষেত্রে সর্ট টেন্ডারের মাধ্যমে কাজটি সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হইল ।

(২) মূল্যানুমান ও নকশা অনুমোদন করা হইল ।


(৩) মূল্যানুমান ও নকশা অনুমোদন করা হইল ।

(৪) মূল্যানুমান ও নকশা অনুমোদন করা হইল ।

(৫) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাবনীয়া প্রধানমন্ত্রী আগামী ৮ই নভেম্বর ১৫ কচুফেত-বনারী সংযোগ সড়কের ভিত্তি প্রস্তর স্থাপন করিবেন মর্মে সভার সকল সদস্যদিগকে অবহিত করা হইল ।


(৬) বিষয়টি বিগদ আলোচনায় কুর্খিটোলান্দহ বিমান সেনাদের আবাসিক এলাকায় একটি শিশু পার্ক নির্মাণের প্রস্তাব সর্বসম্মতি এক্ষেত্রে গৃহীত হইল । পরবর্তী সভায় মূল্যানুমান ও নকশা উপস্থাপনের জন্য সি.ই.ও.কে দায়িত্ব প্রদান করা হইল ।

অদ্যকার সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় কর্তৃক উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনায় সভার সমাপ্তি ঘোষণা করা হয় ।



(মোঃ আসদুল হক)
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার

সিনিয়র
সিনিয়র অফিসার



(কর্ণেল আবদুল মান্নান মিয়া)
সিনিয়র
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট ।